

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ১২, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বিজ্ঞপ্তি

তারিখ, ২৮ কার্তিক ১৪১৫ বঙ্গাব্দ/১২ নভেম্বর ২০০৮ খ্রিস্টাব্দ

নং ৫২(মুঃপ্রঃ)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ২৭-৭-১৪১৫ বঙ্গাব্দ মোতাবেক ১১-১১-২০০৮ খ্রিস্টাব্দ তারিখে প্রণীত নিম্নে উল্লেখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

২০০৮ সনের ৫২ নং অধ্যাদেশ

Representation of the People Order, 1972 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত
অধ্যাদেশ

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে Representation of the People Order, 1972 (P.O. No. 155 of 1972) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন :

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই অধ্যাদেশ Representation of the People (Third Amendment) Ordinance, 2008 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

(৬৭৪৯) .

মূল্য : টাকা ২.০০

২। P.O. No. 155 of 1972 এর Article 12 এর সংশোধন।—Representation of the People Order, 1972 (P.O. No. 155 of 1972), অতঃপর উক্ত Order বলিয়া উল্লিখিত, এর Article 12 এর clause (1) এর—

- (ক) sub-clause (1) এ উল্লিখিত “has defaulted in repaying before fifteen days” শব্দগুলির পরিবর্তে “has defaulted in repaying before seven days” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (খ) sub-clause (m) এ উল্লিখিত “has defaulted in repaying before fifteen days” শব্দগুলির পরিবর্তে “has defaulted in repaying before seven days” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং
- (গ) sub-clause (n) এ উল্লিখিত “before fifteen days” শব্দগুলির পরিবর্তে “before seven days” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৩। P.O. No. 155 of 1972 এর Article 91E এর সংশোধন।—উক্ত Order এর Article 91E এর clause (1) এর তৃতীয় লাইনে উল্লিখিত “or any verbal” শব্দগুলি বিলুপ্ত হইবে।

তারিখ : ২৭ কার্তিক ১৪১৫ বঙ্গাব্দ
১১ নভেম্বর ২০০৮ খ্রিস্টাব্দ।

প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহমেদ
রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

কাজী হাবিবুল আউয়াল
সচিব।